# পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি শাখার তথ্যাদি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর নারী উন্নয়ন ও ক্ষমতায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। যেমন:

## ১। বাল্য বিবাহ প্রতিরোধ:

- বাল্য বিবাহ নিরোধ আইন ২০১৭ ও বাল্য বিবাহ নিরোধ বিধিমালা-২০১৮ বাস্তবায়নের লক্ষ্যে জাতীয়, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে।
- বাল্য বিবাহ বন্ধে মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (জেলা প্রশাসক, উপপরিচালক, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা) সক্রিয় ভূমিকা পালন করেন।
- জেলা ও উপজেলা পর্যায়ে উঠান বৈঠক, আলোচনাসভা, র‍্যালী ও বিবাহ নিবন্ধন বাধ্যতামূলক করতে সচেতনতামূলক প্রচারনা ও মনিটরিংকার্যক্রম অব্যাহত রয়েছে।
- মহিলা বিষয়ক কর্মকর্তাদের মাধ্যমে নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির সদস্যদের বাল্য বিবাহের কুফল সম্পর্কে সচেতন করা হয় এবং তারাও বাল্য বিবাহ বন্ধে সক্রিয় ভূমিকা পালন করেন।
- বাল্য বিবাহ প্রতিরোধে বাল্য বিবাহ নিরোধ আইন ২০১৭ ও বিধিমালা ২০১৮ সম্পর্কে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে সদর কার্যালয়ে অবহিতকরণ ওয়ার্কশপ করা হয়। ২০২১ সাল থেকে অদ্যাবধি ২৫০ জন কর্মকর্তাকে এ বিষয়ে অবহিত করা হয়েছে।

## ২। কর্মস্থলে যৌন হয়রানি প্রতিরোধ:

- কর্মস্থলে যৌন হয়রানি প্রতিরোধে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নীতিমালার আলোকে মহিলা বিষয়ক অধিদপ্তরে একটি Complaint কমিটি রয়েছে।
- ৬৪টি জেলা ও জেলাধীন উপজেলায় Complaint কমিটি রয়েছে।
- অধিদপ্তরের নীচতলায় একটি অভিযোগ বাক্স আছে। সংরক্ষিত বাক্সটির অবস্থান সম্পর্কে সকলকে জানানোর জন্য ভবনের প্রতি তলায় ছোট নির্দেশক চিহ্ন সম্বলিত বোর্ড স্থাপন করা হয়েছে।
- অভিযোগকারী লিখিত, মৌখিক ও টেলিফোনে অভিযোগ প্রদান করতে পারেন।
- অধিদপ্তরের Complaint কমিটির সভা প্রতি তিন মাস অন্তর অনুষ্ঠিত হয়।
- কর্মস্থলে যৌন হয়রানি প্রতিরোধের লক্ষ্যে মহামান্য হাইকোর্ট প্রদত্ত নীতিমালা সম্পর্কে জেলা ও উপজেলা পর্যায়ে মহিলা বিষয়ক কর্মকর্তা, সরকারী, বেসরকারী অফিস, ব্যাংক, স্কুল, কলেজ, চিকিৎসক ইত্যাদি বিভিন্ন পেশাজীবীদের সমন্বয়ে ওয়ার্কশপ করা হয়। ২০১০ সাল থেকে এ পর্যন্ত ৪৫২ জনকে এ বিষয়ে অবহিত করা হয়েছে।

## ৩। অটিজম বিষয়ক:

- অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটি সম্পর্কে উপপরিচালক (জেলা) ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ নিয়মিতভাবে সচেতনতামূলক উঠান বৈঠকের মাধ্যমে উপকারভোগীদের সচেতন করেন।

## ৪। মানব পাচার প্রতিরোধ:

- মানব পাচার প্রতিরোধে উপপরিচালক (জেলা) ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ নিয়মিতভাবে আলোচনাসভা ও উঠান বৈঠকের মাধ্যমে উপকারভোগীদের সচেতন করেন।

CamScanner